যুগান্তর
প্রিন্ট: ২৬ আগস্ট ২০২৫, ১১:০৪ এএম

শিক্ষাঙ্গন

# নিষিদ্ধ ছাত্রলীগের বিচারের পর জকসু নির্বাচন চাই ছাত্রদল

জবি প্রতিনিধি
প্রকাশ: ২৬ আগস্ট ২০২৫, ১২:০৩ এএম



ফ্যাসিস্টের দোসর শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাদের বিচার নিশ্চিত করার পর ছাত্রসংসদ নির্বাচন আয়োজনসহ ৩ দফা দাবি জানিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রদল।

সোমবার (২৫ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের সামনে এক মানববন্ধন কর্মসূচিতে এ দাবি জানান ছাত্রদল নেতারা।

শাখা ছাত্রদলের দাবি তিনটি হলো- মন্ত্রণালয়ের আশ্বাস মোতাবেক শিক্ষার্থীদের জন্য ৭০% আবাসন ভাতা প্রদান বাস্তবায়ন করা, ফ্যাসিস্ট ছাত্রলীগের নেতাকর্মী ও আওয়ামী শিক্ষক-কর্মকর্তাদের বিচারের আওতায় আনা এবং দ্রুত জকসুর নীতিমালা প্রণয়নসহ সব কার্যক্রম শেষ করা।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক মেহেদী হাসান হিমেল বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল জকসু নির্বাচনের বিপক্ষে নয়। কিন্তু যে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে গণহত্যাকারী শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এখনো আছে, বিশ্ববিদ্যালয়ের জকসুর নির্বাচনে ভোটার হবে ছাত্রলীগের হামলাকারীরা সেই নির্বাচন শিক্ষার্থীদের কল্যাণে হতে পারে না। আমরা দেখেছি কিছু কিছু লোক আবাসন ভাতার বিষয়টি পেছনে রেখে ভিন্ন উদ্দেশে জকসু নির্বাচনকে সামনে আনতে চাচ্ছে। আমরা বলতে চাই, ছাত্রদল জকসু নির্বাচন চায়,তবে তার আগে আমাদের মধ্যবিত্ত যে শিক্ষার্থী খেতে পায়না, ঠিকভাবে তার খরচ চালাতে কষ্ট হয় তার জন্য আবাসন ভাতা নিশ্চিত হোক।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্যসচিব শামসুল আরেফিন বলেন, প্রশাসনের একটি অংশ চাই না, শিক্ষার্থীরা আবাসন ভাতা পাক। কারণ শিক্ষার্থীরা যদি আবাসন ভাতা পায় তাহলে ছাত্রদল যে যমুনাতে আন্দোলন করেছে সেটি নাকি সফল হয়ে যাবে। আমরা তাদের হুঁশিয়ার করে বলতে চাই, ছাত্রদল শিক্ষার্থীদের জন্য আবাসন ভাতার দাবিতে যে সময় বেঁধে দিয়েছে তার মধ্যে যদি কার্যকর করা না হয় তাহলে আমরাও তালা দেবো। আমাদের যদি তালা দিতে হয় তাহলে আপনাদের ভবন থেকে বের করে তালা দেবো, যাতে মন্ত্রণালয়ে ঘুরে আপনারা দাবি মানিয়ে আনতে পারেন।

তিনি বলেন, আমরা জকসু দেওয়ার জন্য বিরোধিতা করছি না। কিন্তু তার আগে নিষিদ্ধ ছাত্রলীগের বিচার নিশ্চিত করতে হবে। কোনো দেবো এই বিশ্ববিদ্যালয়ে বিচরণ করতে পারবে না। আমরা প্রশাসনকে বলতে চাই, কুসুম কুসুম আন্দোলন দিয়ে আপনারা কাকে জনপ্রিয় করতে চান সেটা আমরা বুঝি। কিন্তু বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কুসুম কুসুম আন্দোলন করবে না।

এ সময় আরও বক্তব্য রাখেন- সিনিয়র যুগ্ম আহ্বায়ক জাফর আহমেদ, যুগ্ম আহ্বায়ক সুমন সরদার, মুস্তাফিজুর রহমান (রুমি), শাহরিয়ার আহমেদ, রবিউল আউয়াল, নাহিয়ান বিন অনিক, রাশেদ আমিন, সাখাওয়াত ইসলাম পরাগ, রাসেল মিয়াসহ অন্য নেতাকর্মীরা।